

বিষয়ঃ কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে গঠিত “ইনোভেশন টিম” এর ২৬-১০-২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম  
অতিরিক্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়

তারিখ : ২৬-১০-২০১৬।

সময় : সকাল ১০.০০ ঘটিকা।

স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-৮০৬, ৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে সভায় মন্ত্রণালয়ের উদ্ভাবনী চর্চার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(১)	নৌপথে চলাচলকারী লঞ্চ-স্টিমারের ছাদে ১-২ শত গজ রশি দিয়ে খালি প্লাস্টিক কন্টেইনার বেঁধে রাখতে হবে যাতে লঞ্চ বা স্টিমার ডুবে গেলেও উক্ত কন্টেইনারটি ভেসে থাকবে। এতে ডুবন্ত লঞ্চটির অবস্থান বোঝা যাবে।	BIWTA দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।
(২)	লঞ্চ ও স্টিমার চলাচলের সময়সূচী ডিসপ্লে বোর্ডে প্রদর্শন করার জন্য প্রাথমিকভাবে সদরঘাটে ডিজিটাল সিডিউল ডিসপ্লে বোর্ড স্থাপন করতে হবে।	BIWTA দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।
(৩)	মন্ত্রণালয়ের সিঁড়ি / লিফট এর সম্মুখস্থ উন্মুক্ত স্থানে এক নজরে দর্শন যোগ্য স্থানটিতে নৌপরিবহন মন্ত্রণালয়ের নাম ফলক আকর্ষণীয়ভাবে লাগাতে হবে।	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।
(৪)	মন্ত্রণালয়ের করিডোরে ইনটেরিয়র ডেকোরেশনের মাধ্যমে ডিসপ্লে ও সাইনবোর্ড স্থাপন করতে হবে। উক্ত ডিসপ্লে বোর্ডে মন্ত্রণালয়ের মিশন, ভিশন ও অর্জন ডিসপ্লে হবে।	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।
(৫)	নৌপরিবহন মন্ত্রণালয়ে কর্মকর্তাদের কক্ষ সংকুলান না হওয়ায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে কক্ষ বরাদ্দের জন্য পত্র লিখতে হবে।	সিসস, প্রশাসন-১ শাখা দ্রুত সিদ্ধান্তটি বাস্তবায়ন করবে।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

৩১-১০-২০১৬

(মোঃ রফিকুল ইসলাম)

অতিরিক্ত সচিব (প্রশাসন)

নৌ-পরিবহন মন্ত্রণালয়

অ: প: দ্র:

**অনুলিপিঃ অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, ই-গভর্নেন্স শাখা)।
২. চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন, ঢাকা।
৩. চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ / বিআইডব্লিউটিসি / চবক / মবক / বাস্ববক / পায়রা বন্দর কর্তৃপক্ষ।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, গভীর সমুদ্র বন্দর সেল।
৫. মহাপরিচালক, নৌ পরিবহন অধিদপ্তর, ঢাকা।
৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৭. যুগ্ম-সচিব (প্রশাসন / চবক) / মেরিন ও এনএমআই / টিসি ও বিএসসি, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম।
১০. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম।
১১. উপসচিব (প্রশাসন / জাহাজ / মবক / টিএ / টিসি / বিএসসি / বন্দর), নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব (প্রশাসন / উন্নয়ন / বাণিজ্যিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌ-পরিবহন মন্ত্রণালয়।
১৪. যুগ্মসচিব (আইন হালনাগাদ করণ / বাস্ববক ও মবক/ আইন ও অডিট / বাজেট/যুগ্মপ্রধান) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌ পরিবহন মন্ত্রণালয়।



০৬-১১-২০১৬

(সৈয়দ মোহাম্মদ আলিউর রহমান)

প্রোগ্রামার

ফোনঃ ৯৫৪৫৭৬৬

ই-মেইলঃ [programmer@mos.gov.bd](mailto:programmer@mos.gov.bd)

